দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

11

তারিখ 10 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 1

# সংসদে শিক্ষানীতি নিয়ে আলোচনা

জাতীয় সংসদে গতকাল জাতীয় শিক্ষানীতি এবং ২ হাজার সাল নাগাদ 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়নের উপায় নিয়ে আলোচনা করা হয়।

চলতি অধিবেশনে গতকালই ছিল প্রথম বেসরকারী সদস্য দিবস। কিন্তু সংসদে সর্বসম্মত-ভাবে গুরুত্বপূর্ণ ঐ জাতীয় বিষয় দুটি নিয়ে আলোচনা চালিয়ে যাবার সিদ্ধান্ত নেয়া হয়।

সরকারী ও বিরোধী দলীয় ১১জন সদস্য দুইটি অধিবেশনে আলোচনায় অংশ নেন। যারা আলোচনায় অংশ নেন তারা হচ্ছেন: কপ-এর অধ্যাপক জয়নাল আবেদিন, মোসলেম উদ্দিন, আতাউর রহমান, কলিম উদ্দিন আহমদ, চীফ হুইপ নুরে আলম জিকু, স্বতন্ত্র সদস্য শফিকুল ইসলাম, নুরুল ইসলাম মনি, ফ্রীডম পার্টির বজলুল হুদা,

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## শিক্ষানীতি নিয়ে আলোচনা

(১ম পাতার পর)

জাপা'র অধ্যাপক মো: ইউনুস হাফিজ উদ্দিন আহমদ ও ডঃ টি, আই, এম ফজলে রাব্বি চৌধুরী।

স্পীকার শামসুল হুদা চৌধুরী বিকেলের অধিবেশনে এবং ডেপুটি স্পীকার আলহাজ রিয়াজউদ্দিন আহমদ সকালের অধিবেশনে সভাপতিত্ব করেন সভাপতিমণ্ডলীর সদস্য এ, কে, এন শামসুল হুদা কিছু সময়ের জন্য সকালের অধিবেশন পরিচালনা করেন। খবর বাসস'র।